

## আপনার অধিকারগুলো জানুন:

# দলিল সংক্রান্ত চুরি এবং ঋণ পরিবর্তন সংক্রান্ত কেলেঙ্কারির ব্যাপারে সাবধান থাকুন

আপনি যদি আপনার বন্ধকী পরিশোধে পিছিয়ে থাকেন তাহলে স্ক্যামার অথবা কেলেঙ্কারির সাথে সম্পৃক্ত ব্যক্তিদের ব্যাপারে সাবধান থাকুন যারা ঋণ পরিবর্তনের জন্য আপনার কাছ থেকে অগ্রিম অর্থ চাইবে অথবা আপনার বাড়ি সংক্রান্ত বিষয়ে আপনার সাথে প্রতারণার সুযোগ খুঁজবে।

### নিজেকে সুরক্ষিত রাখুন!

- অগ্রিম ফী প্রদানে সম্মত **হবেন না**। এগুলো প্রায় সবসময়ই অবৈধ হয়ে থাকে। শুধুমাত্র ঋণের পরিবর্তন গ্রহণের **পরই** ঋণ পরিবর্তনকারী কোম্পানিদের অর্থ পরিশোধ করুন।
- ঋণ পরিবর্তন নিয়ে "গ্যারান্টি" প্রদান করে এরকম কোনো ঋণ পরিবর্তনকারী কোম্পানিকে বিশ্বাস **করবেন না**। ব্যাংকের সবসময় আপনার বন্ধকী পরিবর্তন করার প্রয়োজন হয় না, তবে আপনি ঋণ পরিবর্তনের জন্য আবেদন করার জন্য বিনামূল্যে এবং বিশ্বাসযোগ্য পরিষেবা গ্রহণ করতে পারবেন যার আপনার মাসিক পেমেন্টের পরিমাণ কমে যাবে।
- আপনার বন্ধকী পেমেন্ট বন্ধ করার অথবা আপনার কারেন্টে থাকা অবস্থায় ডিফল্ট যাওয়ার কোনো পরামর্শ অনুসরণ **করবেন না**।
- যে কোম্পানি আপনাকে আপনার বন্ধকীর স্টেটমেন্ট পাঠাচ্ছে সেই কোম্পানি ছাড়া অন্য কাউকে আপনার বন্ধকীর পেমেন্ট **পাঠাবেন না**।
- এমন কোনো কাগজে স্বাক্ষর **করবেন না** যেখানে আপনার দলিল হস্তান্তর অথবা আপনার বাড়ির মালিকানাধীন কোনো একটি ঋণ পরিবর্তনকারী কোম্পানির কাছে হস্তান্তর করার কথা বলা হয়েছে।
- আপনার পরিচিত এবং বিশ্বস্ত কোনো আইনজীবীর সাথে পরামর্শ করা ছাড়া আপনার উত্তরাধিকার সূত্রে পাওয়া বাড়ির কোনো অংশ বিক্রয়ে সম্মত **হবেন না**।

### বিনামূল্যে আইনি সহায়তা পাওয়া যাবে!

- HUD-অনুমোদনপ্রাপ্ত হাউজিং কাউন্সেলর অথবা আইনি পরিষেবা সংস্থার অনুসন্ধান করুন।
- লিগ্যাল সার্ভিসেস NYC বাড়িওয়ালাদের তাদের জবাব প্রস্তুতে, আইনি প্রতিনিধিত্ব, এবং বাড়ি হারানো ঠেকাতে অন্যান্য সকল পরিষেবা প্রদানে সহায়তা করে। আমাদের পরিষেবাগুলো বিনামূল্যে গ্রহণ করা যাবে



৯১৭-৬৬১-৪৫০০

লিগ্যাল সার্ভিসেস NYC | ৪০ ওয়ার্থ স্ট্রিট, স্যুট ৬০৬, নিউ ইয়র্ক | [legalservicesnyc.org](http://legalservicesnyc.org)

\* এই ফ্যানশিটের তথ্যগুলোর মধ্যে কোনো আইনি পরামর্শ নেই।